Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ৪৮/২০২৫ তারিখঃ ১৮/০৮/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/২২৩, তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মো: মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।**
**[কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৩.০০২.১৯/২২৩ তারিখঃ ১৪/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/অফ-ডকসমূহে আমদানি পণ্য স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারীর নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা।**

সূত্র: ১. জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০২.১৯/৮০৬, তারিখ: ০৮/০৪/২০২৫ খ্রি.;
২. জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং- ০৮.০১.০০০০.০৫৬.০৩.০০১.১৯/১৫৫, তারিখ: ১৭/০৭/২০২৫ খ্রি.;

চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম অবিঘ্নিতভাবে পরিচালনা এবং দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ/অনুমতিপত্রের মাধ্যমে মোট ৬৫ (পঁয়ষট্টি) ধরনের আমদানি পণ্য কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/অফ-ডকসমূহে স্থানান্তর, মালামাল আনস্টাফিং ও ডেলিভারীর অনুমতি প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, ব্যবসায়ী সংগঠন এবং অংশীজনবৃন্দ উক্ত আইসিডি/অফ-ডকসমূহের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান খালাসের ক্ষেত্রে জটিলতা, সময়ক্ষেপণ ও সক্ষমতার ঘাটতির বিষয় উল্লেখ করে প্রতিকার চেয়ে জাতীয় রাজস্ব বোর্ড এ আবেদন করছেন। এ পরিপ্রেক্ষিতে Trade Facilitation এর স্বার্থে নিম্নরূপ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) জাহাজ থেকে যেদিন কন্টেইনার নামবে, সেদিনই অফ-ডকে নিতে হেব;

খ) যদি কোন কারণে একটি লাইন/পণ্যচালানের সবগুলো কন্টেইনার প্রথম দিনে সুনির্দিষ্ট কারণে অফ-ডকে নিয়ে যাওয়া সম্ভব না হয় তাহলে দ্বিতীয় দিন ঐ নির্দিষ্ট লাইন/পণ্যচালানের অবশিষ্ট কন্টেইনার অফ-ডকে নেয়া সম্পন্ন করতে হবে। একটি লাইনের/চালানের সকল কন্টেইনার অফ-ডকে স্থানান্তরের পরেই চার্জ ধার্য করতে হবে; এবং

গ) যদি কোন বিশেষ পরিস্থিতিতে/সক্ষমতার ঘাটতির কারণে অফ-ডক কর্তৃপক্ষ যথাযথভাবে কন্টেইনার Handle করতে ব্যর্থ হয়; সেক্ষেত্রে কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম নিজ বিবেচনায় 'ডুয়েল ডেলিভারি' অনুমোদন প্রদানের ক্ষমতা সংরক্ষণ করবেন।

০২। সরকারি রাজস্ব সুরক্ষার স্বার্থে বিষয়টি জরুরি বিবেচ্য।

স্বা:/
[মোঃ আল আমিন]
দ্বিতীয় সচিব (কাস্টমস; রপ্তানি ও বন্ড)
ইমেইল: ssbondnbr@gmail.com